

২৩/৭/২০০৩

তারিখ:
 পৃষ্ঠা: ৩

ছাত্রাবাস কর্ডন করিয়া তুল্লাশী চলিবে ॥ বৈধ ছাত্রদের হলে ঢুকিতে পরিচয়পত্র দেখাইতে হইবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলি কর্ডন করিয়া কর্তৃপক্ষের উপস্থিতিতে প্রতিটি কক্ষে তুল্লাশী চালানো হইবে। বৈধ অনুমতিপ্রাপ্ত ছাত্ররাই শুধু হলে থাকিতে পারিবে। পরিচয়পত্র দেখাইয়া ছাত্রদেরকে হলে প্রবেশ

করিতে হইবে। গতকাল রবিবার ভিসি অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে সিনেট-সিন্ডিকেট সদস্য, শিক্ষক সমিতির সদস্য, সকল অনুষদের ডীন, সকল হলের প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় চেয়ারম্যান ইনস্টিটিউটের (২য় পৃঃ ৩-এর কঃ প্রঃ)

ছাত্রাবাস কর্ডন করিয়া (প্রথম পৃঃ পর)

পরিচালক, গবেষণা ব্যুরো ও কেন্দ্রসমূহের পরিচালকবৃন্দের উপস্থিতিতে এক সভায় ক্যাম্পাসের সার্বিক পরিস্থিতি লইয়া আলোচনাকালে এই সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আগামী ২৪ ও ২৯শে জুলাই ছাত্রপ্রক্য ও ছাত্রদলের ধর্মঘট কর্মসূচী প্রত্যাহারের আহ্বান জানানো হয়। সিদ্ধান্ত অনুসারে পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়ের সকল হল কর্ডন করা হইবে এবং হল প্রাধ্যক্ষ, হাউজ টিউটর, সিনেট-সিন্ডিকেট সদস্য, ডীন, প্রভোস্ট স্টাডিং কমিটির সদস্যবৃন্দসহ হল সংযুক্ত শিক্ষকদের উপস্থিতিতে আইন-শৃংখলা প্রয়োগকারী সংস্থাসমূহের সহযোগিতায় ফ্লোর এবং কক্ষে তুল্লাশী চালানো হইবে। তুল্লাশীকালে কেবল আবাসিক, দৈত্যাবাসিক ও অনুমতিপ্রাপ্ত ছাত্ররাই হলে তাহাদের স্ব স্ব কক্ষে অবস্থান করিতে পারিবে। সভায় ক্যাম্পাসের ভিতরে বা সন্নিহিত এলাকায় কোন প্রকার সন্ত্রাসী কার্যকলাপ বা আইন-শৃংখলা পরিস্থিতির উদ্ভব যাহাতে না ঘটে সেজন্য আইন-শৃংখলা রক্ষাকারী সংস্থার কার্যক্রম জোরদার করিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানানো হইয়াছে। কোন ছাত্র সংগঠনভুক্ত বা বহির্ভূত কোন আবাসিক ছাত্র যদি হলে উঠিতে না পারে তবে তাহাদেরকে কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগের জন্যও বলা হইয়াছে।

ছাত্রদের সমাবেশ

গতকাল হলে হলে বৈধ ছাত্রদের তুলিয়া দেওয়া ও ভিসি, প্রক্টরের পদত্যাগ দাবিতে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল, সমাবেশ করে। মিছিল শেষে কলাভবন মেইনগেটে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয় সভাপতি মনির হোসেন। বক্তব্য রাখেন মঞ্জুর এলাহী, এবিএম মোশাররফ হোসেন, সুলতান সালাউদ্দিন টুকু, আব্দুল বারী ড্যানি, আজীজুল বারী হেলাল, শফিউল বারী বাবু, ফরহাদ হোসেন আজাদ প্রমুখ। সমাবেশে নেতৃবৃন্দ ক্যাম্পাসকে সন্ত্রাসমুক্ত করিতে বিশ্ববিদ্যালয় ভিসি ও প্রক্টরের বাসগৃহে তুল্লাশী করার দাবী জানাইয়াছে।